

## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০  
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ইনোভেশন টিমের ফেব্রুয়ারি, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।


বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ফেব্রুয়ারি, ২০১৯ মাসের ইনোভেশন টিমের সভা গত ১৮-০২-২০১৯ তারিখ বেলা ২.০০ ঘটিকার সময় বিপিআই এর ইনোভেশন অফিসার পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) (রুটিন দায়িত্বে) জনাব মো: শাহজাহান এর সভাপতিত্বে অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:-

- ১। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ২। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে ইনোভেশন অফিসার সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সভার প্রারম্ভে পূর্বের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীর প্রয়োজন আছে কি না তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান সংশোধনের প্রয়োজন নাই।	কোন সংশোধনী না থাকায় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	সহকারী পরিচালক, প্রশাসন শাখা
২।	ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী এক দিনের ওরিয়েন্টেশন/ কর্ম-শালা/সেমিনার আয়োজনের ব্যবস্থা করার জন্য প্রশিক্ষণ শাখাকে বলা হয়। এ ছাড়া উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৫দিনের প্রশিক্ষণের বিষয়ে ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে বৈজ্ঞানিক কর্মকর্তার কথা হয়েছে। ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর প্রশিক্ষণটি আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। বিপিআই এর ইনোভেশন টিমের সদস্যরা এতে অংশ গ্রহন করবেন মর্মে সভায় জানানো হয়।	উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৫দিনের প্রশিক্ষণের বিষয়ে ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা
৩।	বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের একটি এক মিনিটের ভিডিও তৈরী করার বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিআই এর বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের একটি এক মিনিটের ভিডিও তৈরী করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) ২। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: শাহজাহান)  
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)  
(রুটিন দায়িত্ব)

ও  
ইনোভেশন অফিসার, বিপিআই, ঢাকা।  
Email:dir@bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.০৬.০০৬.১৩-১৩৭

তারিখ : ২০ ফেব্রুয়ারি, ২০১৯  
০৮ ফাল্গুন, ১৪২৫

বিতরণ :সদয় জ্ঞাতার্থে :

- ১। সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
  
দৃষ্টি আর্কষণ: জনাব মো: জিল্লুর রহমান চৌধুরী  
যুগ্ম সচিব (প্রশাসন)  
ও  
চীফ ইনোভেশন অফিসার
- ২। অতিরিক্ত সচিব (সংস্কার)  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এটুআই  
আইসিটি টাওয়ার  
ই-১৪, বিসিসি ভবন  
আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বিপিআই, ঢাকা।

কার্যার্থে :

- ১। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা(এসএসও)
- ২। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৪। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।